

গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর  
প্রস্তাবিত বাংলাদেশ রুরাল ওয়াটার সাপ্লাই এ্যান্ড স্যানিটেশন প্রজেক্ট  
Proposed Bangladesh Rural Water Supply and Sanitation Project (BRWSSP)  
১৪, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি, কাকরাইল, ঢাকা-১০০০।

সামাজিক ব্যবস্থাপনা কাঠামো  
**Social Management Framework (SMF)**  
সার সংক্ষেপ

আর্সেনিক, লবনাক্ততা ও অন্যান্য কারণে বাংলাদেশে গ্রামীণ জনপদের যে সমস্ত এলাকায় নিরাপদ ও সুপেয় পানির স্বল্পতা ও চাহিদা রয়েছে সেই সকল এলাকায় অভিস্ট জনগোষ্ঠীর জন্য সুপেয় পানি সরবরাহের পাশাপাশি স্বাস্থ্যসম্মত পয়ঃনিষ্কাশন ব্যবস্থার সুবিধাদি অভিস্ট জনগোষ্ঠীর নিকট পৌঁছে দেয়ার জন্য বিশ্বব্যাংকের আর্থিক সহযোগীতায় 'বাংলাদেশ রুরাল ওয়াটার সাপ্লাই এ্যান্ড স্যানিটেশন প্রজেক্ট (BRWSSP)' প্রনয়ন করা হচ্ছে। বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধীন 'জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (DPHE)' প্রকল্পটি বাস্তবায়ন করবে। প্রকল্পের মেয়াদকাল হল ৫ বছর (২০১২-২০১৭)। উক্ত প্রকল্পের প্রধান উদ্দেশ্যসমূহ নিম্নরূপ :

- ১২৫ টি গ্রামীণ পানি সরবরাহ স্কীম বাস্তবায়ন।
- আর্সেনিক, লবনাক্ত প্রবন চিহ্নিত এলাকায় (প্রাকৃতিক দুর্যোগ প্রবণসহ) ২০,০০০টি নিরাপদ পানীয় জল সরবরাহ ব্যবস্থা বাস্তবায়ন।
- নির্বাচিত ইউনিয়নে উন্নত স্বাস্থ্যসম্মত পয়ঃনিষ্কাশন ব্যবস্থার বাস্তবায়ন ও পাইলটিং।

টেকসই, সমন্বিত ও উন্নয়ন সহায়ক নিরাপদ পানি ও স্বাস্থ্যসম্মত স্যানিটেশন বিষয়ক কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে এই প্রকল্পের আওতায় একটি যথাযথ ও পূর্ণাঙ্গ 'সামাজিক ব্যবস্থাপনা ফ্রেমওয়ার্ক (SMF)' তৈরী করা হয়েছে যাতে নিম্নোক্ত বিষয়াদি সন্নিবেশিত আছে:

- ১) পুনর্বাসন পলিসি ফ্রেমওয়ার্ক (Resettlement Policy Framework ) [ বিশ্ব ব্যাংকের বাস্তবায়ন নীতি OP : 4.12 ]
- ২) আদিবাসী/উপজাতি জনগোষ্ঠীর পরিকল্পনা ফ্রেমওয়ার্ক (Framework for Indigenous People Plan) [ বিশ্ব ব্যাংকের বাস্তবায়ন নীতি OP : 4.10 ]
- ৩) জেন্ডার এ্যাকশন পরিকল্পনা ফ্রেমওয়ার্ক (Framework for Gender Action Plan) [ বিশ্ব ব্যাংকের বাস্তবায়ন নীতি OP : 4.20 ]

**সামাজিক ব্যবস্থাপনা কাঠামোর (SMF) এর উদ্দেশ্য :**

SMF এর উদ্দেশ্য হল দেশের সংবিধান, বিদ্যমান আইন, প্রচলিত বিধি ও পানি বিষয়ক নীতিমালার আলোকে একটি গ্রহণযোগ্য ও যথাযথ সামাজিক মূল্যায়ন ব্যবস্থাপনা নিশ্চিতকরণ - যার ফলে প্রকল্প বাস্তবায়নাধীন এলাকার সামাজিক পরিবেশে কোন নেতিবাচক প্রভাব পড়বে না। অত্র দলিলের মাধ্যমে BRWSSP প্রকল্পের বিভিন্ন অংগসমূহের নকসা প্রনয়ণ, পরিকল্পনা ও বাস্তবায়নে সকল সামাজিক বিষয়সমূহ বিশেষভাবে বিবেচনায় রেখে 'সামাজিক প্রভাবের মূল্যায়ন

(SIA) তৈরী করবে যার মাধ্যমে সমাজের সাধারণ আরক্ষা (শৃঙ্খলা, শান্তি ও আইন রক্ষা করার ব্যবস্থা) নিশ্চিত হবে এবং সামাজিক পরিবেশের সকল বিষয় যথেষ্ট গুরুত্বের সাথে বিবিচিত হবে।

SMF এর উদ্দেশ্য সমূহ নিম্নরূপ :

- প্রকল্পের ভৌত কার্যক্রম বাস্তবায়নে যদি কোন নেতিবাচক সামাজিক সমস্যা/বৈরী প্রভাব তৈরী হয় তবে তা নিরসন করা,
- প্রকল্পের উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নে যদি প্রকল্প এলাকায় জীবন যাত্রায় সামাজিক, সাংস্কৃতিক কিংবা অর্থনৈতিক কোন বিরূপ অবস্থার সৃষ্টি হয় তবে তা যথাযথভাবে নিরূপন ও নিরসনে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা।


উল্লেখ্য যে, এই SMF টি বিশ্বব্যাংকের সামাজিক ব্যবস্থাপনা কাঠামো এর সাথে সঙ্গতিপূর্ণ করে প্রস্তুত করা হয়েছে।

**প্রশিক্ষণ ও দক্ষতা উন্নয়ন :**

যেহেতু পরিবেশ ব্যবস্থাপনা কাঠামো (EMF) বাস্তবায়ন করার দায়িত্ব থাকবে প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট (PMU) এর উপর, তাই এর সাথে সংশ্লিষ্ট ব্যক্তি ও Stakeholder গণের এ বিষয়ে যথাযথ দক্ষতা উন্নয়নের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা ও এ খাতে প্রকল্প হতে অর্থায়নের নির্দেশনা SMF এর মধ্যে সন্নিবেশিত রয়েছে। মানব সম্পদের দক্ষতা উন্নয়ন ছাড়াও প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা এই প্রকল্পের পূর্ণবাসন ও আদিবাসী জনগোষ্ঠীর পরিকল্পনা কাঠামো (Resettlement Plan and Framework for Indigenous People Plan) এর উপর ধারণা দেয়ার জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ ও দক্ষতা উন্নয়নের ব্যবস্থা নেবে।

**সামাজিক ব্যবস্থাপনা কাঠামো (SMF) এর প্রকাশনা / Disclosure :**

প্রস্তুতকৃত সামাজিক ব্যবস্থাপনা কাঠামোটির (SMF) 'সার সংক্ষেপ' জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের এর নিজস্ব ওয়েবসাইট, কেন্দ্রীয় ও আঞ্চলিক এবং প্রকল্প অফিসে সহজে দৃষ্টিগোচরযোগ্য স্থানসমূহ (নোটিশ বোর্ডে) সাধারণ জনগোষ্ঠীর জ্ঞাতার্থে উন্মুক্ত করা হয়েছে। এছাড়া SMF টি প্রকাশনার জন্য বহুল প্রচারিত ২টি জাতীয় দৈনিকে (১টি বাংলা ও ১টি ইংরেজী) প্রচারের ব্যবস্থা করা হয়েছে। প্রসঙ্গত উল্লেখ্য যে একটি বিস্তৃত পরিসরে দেশের সংশ্লিষ্ট Stakeholder গণের অংশগ্রহণে বিশ্বব্যাংক, ঢাকা অফিসে অক্টোবর ১০, ২০১১ইং তারিখে একটি দিনব্যাপী কর্মশালার মাধ্যমে প্রকল্পের 'সামাজিক ব্যবস্থাপনা কাঠামো (SMF)' এর উপর মতামত গ্রহণের ব্যবস্থা করা হয়। এই SMF টি বিশ্ব ব্যাংককে INFOSHOP-এ প্রকাশ করার ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করা হয়েছে।

  
তত্ত্বাবধায়ক প্রকৌশলী ২৪/১০/২০১১

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, গ্রাউন্ড ওয়াটার সার্কেল  
১৪, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি, কাকরাইল, ঢাকা-১০০০।